



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ।
dddaesunamganj@gmail.com

স্মারক নং-১৭২৪/১৩

তারিখঃ ২৯/১১/২০২২ খ্রিঃ

বিষয়ঃ রোপা আমন ধান এবং রবি ফসল উৎপাদনে করণীয়।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, রোপা আমন ধান এবং রবি ফসল উৎপাদনে নিম্নবর্ণিত নির্দেশনা পালনের জন্য বলা হলো। ব্যর্থতার দায় সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে।

০১। মাঠে দন্ডায়মান রোপা আমন ধান কর্তনে কৃষকদেরকে সার্বিক সহযোগিতা প্রদান করা এবং কর্তন প্রতিবেদন যথাসময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ।

০২। রবি/২০২২-২৩ মৌসুমে বোরো বীজতলার সার্বিক অবস্থা সম্পর্কে অবহিত থাকা এবং বোরো বীজতলা যাতে কোল্ড ইনজুরীতে না পরে সেবিষয়ে কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। বোরো আবাদ নির্বিঘ্ন করতে সেচযন্ত্র সচল রাখা ও প্রতিবেদন জেলা অফিসে প্রেরণ।

০৩। রবি/২০২২-২৩ মৌসুমে বোরো ধানসহ অন্যান্য রবি ফসল যেমন- সরিষা, গম, ভুট্টা ও অন্যান্য ফসলের আবাদ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের ব্যবস্থা গ্রহণ।

০৪। প্রকল্পের নীতিমালা অনুযায়ী প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস ও অন্যান্য কার্যাবলী সম্পাদনের ব্যবস্থা করা।

০৫। ভূতুকি ও প্রণোদনার উপকরণ যথা সময়ে কৃষকদের মাঝে বিতরণ ও বিতরণ প্রতিবেদন প্রতি সপ্তাহে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ।

০৬। সার মনিটরিং কার্যক্রম জোরদারকরণ, সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয়, বিক্রয় রেজিষ্টার হালনাগাদ, ক্যাশ মেমোর মাধ্যমে বিক্রয়, বিসিআইসি, বিএডিসি ও খুচরা সার ডিলারের দোকানে উপসহকারী কৃষি কর্মকর্তাদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা।

০৭। ভেজাল ও নিম্নমানের সারের বিষয়ে সতর্ক থাকা এবং নিয়মিত ভেজাল সারের নমুনা পরীক্ষাগারে প্রেরণ ও এ কাজে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করে প্রতি মাসের ০২ (দুই) তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রতিবেদন প্রেরণ করা।

০৮। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি এবং উপজেলা সেচ কমিটির সভা নিয়মিত করা এবং মনিটরিং কার্যক্রম আরও বেগবান করা।


০৯। খাদ্য অধিদপ্তরে রোপা আমন ধান উৎপাদনকারী প্রকৃত কৃষকের তালিকা প্রেরণ এবং কৃষি ঋণ বিতরণের লক্ষ্যে প্রকৃত কৃষকের তালিকা প্রস্তুত পূর্বক উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট ব্যাংক শাখায় প্রেরণ। (পূর্বের স্মারক নং-(১৫৮১/১১(১), তাং- ০৩/১১/২০২২ খ্রিঃ)।

১০। অনবাদী জমি উপজেলার লক্ষ্যমাত্রা অনুযায়ী আবাদের আওতায় আনয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অগ্রগতির প্রতিবেদন জেলা অফিসে প্রেরণ।

১১। বিএডিসি'র নিকট বিক্রয়ের জন্য আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের এসএমই চাষীদের বীজ সংরক্ষণ করে আবশ্যিকভাবে জেলা অফিসে প্রতিবেদন প্রেরণ।

১২। সময়ে সময়ে চাহিত প্রতিবেদন, দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ও উর্ধ্বতন কর্তৃপক্ষের দপ্তরে প্রেরণ।

উপজেলা কৃষি অফিসার.....(সকল),
সুনামগঞ্জ।


২৯/১১/২০২২

বিমল চন্দ্র সোম

উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সুনামগঞ্জ

ফোনঃ ৮৭১-৬৩৪২৩


২৯/১১/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

০২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।

০৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।